

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
ইসলামিক ফাউন্ডেশন
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং:-১৬.০১.২৯৪৭.০২২.০১০০১.২৪/২৬৩(২৫)

তারিখ : ১১/০২/২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর সদর, ফরিদপুর এর জন্য নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে আত্মহীদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদবী	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	খাদেম	০২	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- অবেদনপত্রে প্রার্থীকে (ক) আবেদনকারীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১১/০২/২০২৫ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঞ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর সদর, ফরিদপুর বরাবর আবেদন করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র। (খ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি। (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূলকপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি। (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- প্রার্থীর বয়স ১১/০২/২০২৫ তারিখ খাদেম পদে ১৮-৪০ বছর হতে হবে।
- আবেদন পত্রের সাথে ৪০০/- (চারশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর সদর, ফরিদপুর এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই আগামী ২৩/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর সদর, ফরিদপুর বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- প্রার্থীকে অবশ্যই আগামী ২৪/০২/২০২৫ তারিখ (সোমবার) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকাল ১০.৩০ টার মধ্যে সকল কাগজপত্রের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুরে উপস্থিত থাকতে হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকারের টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তার নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণ রাষ্ট্র বিরোধী কোন কার্যকলাপে জড়িত ছিলেন না এবং বর্তমানেও জড়িত নাই তা উপযুক্ত এজেন্সি কর্তৃক যাচাইপূর্বক নিয়োগ প্রদান করা হবে।
- কর্তৃপক্ষ নিয়োগকৃত জনবলের জন্য কোন আবাসনের ব্যবস্থা করতে বাধ্য নয়।
- নিয়োগকৃত জনবল জেলা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ বা সর্বশেষ পরিপত্রে উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।
- নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৬

চলমান পাতা: ০২